গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা।
www.dch.gov.bd

## প্রকাশ্য নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি:

আগামী ০৭/০১/২০২৬ খ্রি. তারিখে প্রকাশ্য নিলাম নং-০১/২০২৬ এর মাধ্যমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অধিক্ষেত্রাধীন এয়ারফ্রেইট ইউনিটে রক্ষিত পণ্যাদি ১৮/১০/২০২৫খ্রি.তারিখের অগ্নিকান্ডে পুড়ে যাওয়ার পর ধ্বংসাবশেষের মধ্যে অবশিষ্ট বিভিন্ন ধরণের স্ক্র্যাপ যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে কা সে ভিত্তিতে প্রকাশ্য নিলাম এর মাধ্যমে বিক্রি করা হবে। আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান/সংস্থা/ব্যবসায়ীগণ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিলামে অংশ গ্রহণ করতে পারবেন।

### -শর্তাবলী-

১। নিলাম নং-০১/২০২৬ এর প্রকাশ্য নিলাম আগামী ০৭/০১/২০২৬ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকায় কাস্টমস হাউস, ঢাকা'র এয়ারফ্রেইট ইউনিটে উপস্থিত দরদাতাদের সম্মুখে অনুষ্ঠিত হবে।

২। ০৭/০১/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯:৩০ টা থেকে বেলা ১২:০০ টার মধ্যে নিলামে অংশগ্রহণকারীগণের তালিকা করা হবে। নিলাম শুরুর পর বা তালিকাভুক্ত ব্যতিত আর কেউ নিলামে অংশগ্রহণ করতে পারবে না।

৩। নিলামে অংশগ্রহণকারীকে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবেঃ-
(ক) **দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ঃ** হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র;
(খ) **ব্যক্তির ক্ষেত্রে ঃ** জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র।

৪। প্রতি কেজি স্ক্র্যাপের জন্য দর (উৎসে কর ও উৎসে মুসক ব্যতিত) প্রস্তাব করতে হবে। প্রতি কেজি স্ক্র্যাপের বিপরীতে সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিক্রয় আদেশ প্রদান করা হবে।

৫। যেখানে যে অবস্থায় স্ক্র্যাপ রয়েছে সে অবস্থায় বুঝে নিতে হবে। স্ক্র্যাপ বুঝে/সরবরাহ নেওয়ার পূর্বে ওজন করে নিতে হবে এবং স্ক্যাপের ওজন করার জন্য ওয়িং স্কেল আগ্রহী ক্রেতাকেই সরবরাহ করতে হবে। প্রত্যহ দিনের আলোতে পণ্য সরবরাহ/গ্রহণ করতে হবে।

৬। নিলামে সর্বোচ্চ দরদাতার অনুকুলে নিলাম অনুষ্ঠানের দিন বিক্রয় আদেশ প্রদান করা হবে। বিক্রয় আদেশ প্রাপ্তির এক দিনের মধ্যে উক্ত দরদাতাকে কমপক্ষে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার ব্যাংক গ্যারান্টি (নিঃশর্ত ও অব্যাহত) কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা বরাবর জমা দিতে হবে। নিলাম অনুষ্ঠানের ০৭(সাত) দিনের মধ্যে পণ্য খালাস নিতে হবে। পণ্য খালাস নিতে ব্যর্থ হলে বিক্রয় আদেশ বাতিল বলে গণ্য হবে এবং ব্যাংক গ্যারান্টি বাজেয়াপ্ত/নগদায়ন করা হবে।

৭। যে দিনে যে পরিমাণ পণ্য খালাস হবে, সে দিন সে পরিমাণ পণ্যের নিলাম মূল্য এবং উক্ত মূল্যের উপর ১০% হারে উৎসে কর ও ১৫% হারে উৎসে মূসক চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে।

৮। ওজন হিসেবে মোট স্ক্র্যাপের সর্বমোট মূল্য এবং উহার উপর প্রযোজ্য উৎসে কর ও উৎসে মূসক পরিশোধ সাপেক্ষে এবং প্রয়োজনে সমন্বয়পূর্বক ব্যাংক গ্যারান্টি ফেরত/অবমুক্ত/নগদায়ন করা হবে।

৯। প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ নিলাম অনুষ্ঠানের পূর্ব পর্যন্ত নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন [(i) ৮০, মতিঝিল বা/এ, ঢাকা (ii) ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (iii) কাস্টমস হাউস, কুর্মিটোলা, ঢাকা (মোবাইল নং-০১৮২৩-৫৩০২২৫)] এর সাথে যোগাযোগ করে কার্গো কমপ্লেক্সের পার্কিং এরিয়া রক্ষিত পণ্য/স্ক্র্যাপ সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন নিলাম বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ মাহবুবুর রহমান)
ডেপুটি কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা
ও
সদস্য সচিব, নিলাম কমিটি।
Email: dch@nbr.gov.bd

CamScanner